

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৭

শ্রাবণ ২৪, ১৪২৬
তারিখঃ-----
আগস্ট ৮, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ মে ১৬, ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের অনুচ্ছেদ-২(গ) এ উল্লেখ করা হয় যে, “এ সার্কুলার জারির তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে ঋণগ্রহিতা কর্তৃক আবেদন করতে হবে। এ সময় অতিক্রান্ত হলে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।” এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় ঋণগ্রহিতা কর্তৃক সেপ্টেম্বর ৭, ২০১৯ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ, কে, এম, এহসান)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩৫৯